

তারিখ: ২৪/০৬/২০২৬ খ্রি.

মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিজলিট প্রাপ্ত মেধা তালিকায় ভর্তি বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিজলিট প্রাপ্ত মেধা তালিকায় স্থান পাবে, তাদের নিম্নোক্ত শর্তাবলী অনুসরণের জন্য নির্দেশ দেয়া গেল। এ মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থী কোনো শিক্ষাকার্যক্রমে অধ্যয়নরত থাকলে অবশ্যই ০১/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইন চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

শর্তাবলী:

- আবেদন ফরম সংগ্রহ: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions থেকে Application Login করে আগামী ২৫/০৬/২০২৬ থেকে ০৫/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবেদন ফরম পূরণ ও প্রিন্টকপি সংগ্রহ করতে হবে।
- আবেদন ফরম জমাদান: নিম্নোক্ত কাগজপত্রাদি আগামী ০১/০৭/২০২৬ থেকে ০৫/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে-
 - অনলাইনে পূরণকৃত চূড়ান্ত ভর্তির আবেদন ফরম এর মূলকপি;
 - নির্ধারিত ফি পরিশোধের Payslip এর মূলকপি;
 - এসএসসি, এইচএসসি ও স্নাতক (সম্মান) পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র;
 - এসএসসি, এইচএসসি ও স্নাতক (সম্মান) পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র এর ফটোকপি- ১ কপি করে;
 - স্নাতক (সম্মান) কোর্সের রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি- ১ কপি;
 - পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ২ কপি ও স্ট্যাম্প সাইজের ছবি- ২ কপি;
 - ১০"X১৪" সাইজের খাম- ১টি (নিজ নাম, রোল নম্বর, শিক্ষাবর্ষ, বিভাগ/বিষয়, রক্ত গ্রুপ, মোবাইল নম্বর ও স্থায়ী ঠিকানা সম্বলিত)।
- ফি জমাদানের পদ্ধতি:
 - আগামী ২৫/০৬/২০২৬ থেকে ০৫/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে <https://rangamaticollege.eshiksaems.com> -এ প্রবেশ করে নিম্নোক্ত User Name ও Password দিয়ে Login করতে হবে এবং অনলাইন মাধ্যমে ভর্তি ফি জমা দিতে হবে-
User Name: rangamatistudent এবং Password: rangamatistudent
 - Education Management System এর Admission অপশনে গিয়ে Click for New Admission ক্লিক করার পর Select Group অপশন থেকে Masters (Regular) এবং Select Department অপশন থেকে ভর্তিচ্ছু বিভাগ সিলেক্ট করতে হবে। তারপর Admission Roll এন্ট্রি দিয়ে Check for Admission ক্লিক করতে হবে। পর্যায়ক্রমে চাহিত তথ্য সঠিকভাবে এন্ট্রি দিয়ে Save বাটনে ক্লিক করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর ভর্তি ফিসহ আবেদন ফরম প্রদর্শিত হবে।
 - ভর্তির Session, Admission Roll এন্ট্রি দিয়ে Pay through Sonali Pay ব্যবহার করে নির্ধারিত ভর্তি ফি পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণির রোল নম্বর আসবে এবং শিক্ষার্থী/অভিভাবক এর মোবাইল নম্বরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন সংক্রান্ত SMS যাবে।
 - সর্বশেষ Application Form Reprint এবং Print Receipts ক্লিক করে Admission Roll এন্ট্রি দিয়ে পূরণকৃত ভর্তি ফরম এবং Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- ফি'র পরিমাণ নিম্নরূপ:

বিভাগ	ইসলাম ধর্মাবলম্বীদের ক্ষেত্রে	অন্যান্য ধর্মাবলম্বীদের ক্ষেত্রে
এমএ/এমএসএস/এমবিএ	৫৬০৬/-	৫৫৫৬/-
এমএসসি	৫৮৮১/-	৫৮৩১/-

(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা
২৪/০৬/২৬

বিতরণ:

- সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- বিভাগীয় প্রধান, ----- বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;। তাঁকে কলেজের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ দেয়া গেল।
- সংরক্ষণ নথি।